



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের দপ্তর

মাদারীপুর সরকারি কলেজ, মাদারীপুর।

স্থাপিত: ১৯৪৮খ্রি.

কলেজ কোড: [উচ্চ মাধ্যমিক-৫৫০০] [জাতীয় বিশ্ববিদ্যালয়- ৬৩০১]

ফোন: ০৬৬১-৬১৫২৪, ০৬৬১-৬২৪০১, ওয়েব-সাইট: www.mgc.ac.bd

EIIN: 110785

E-mail: mgc2020edu@gmail.com, gnc_edu@yahoo.com



তারিখ: ১৩/০৩/২০২৩খ্রি.

২০২৩ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট কোর্স (প্রাইভেট) পরীক্ষায় অংশগ্রহণের লক্ষ্যে ২০১৮ সাল ও তৎপূর্ববর্তী এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ এবং ২০১৭ সাল ও তৎপূর্ববর্তী উন্মুক্ত বিশ্ববিদ্যালয় হতে এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ যোগ্য প্রার্থীদের আগামী ০৯/০৩/২০২৩ থেকে ০৫/০৪/২০২৩ তারিখের মধ্যে কলেজ অফিস কক্ষের জনাব আজিজুল হক-এর নিকট থেকে নিম্নবর্ণিত ফিসের টাকার রশিদ ব্যাংকে জমা ও প্রয়োজনীয় কাগজপত্রসহ জমা দিতে হবে।

১। খাতওয়ারী ফিসের বিবরণ:

ক) তালিকাভুক্তি ফিস	-----	১০০/-
খ) নির্বাচনী পরীক্ষার ফিস (৭ পত্র × ৪০)	-----	২৮০/-
গ) ব্যবস্থাপনা	-----	৫০/-
ঘ) যাতায়াত	-----	৫০/-
ঙ) অত্যাবশ্যকীয় কর্মচারী	-----	৩০০/-
চ) বিবিধ	-----	১০০/-

সর্বমোট = ৮৮০/- কথায়: (আটশত আশি টাকা) মাত্র।

২। কলেজে যে সকল প্রয়োজনীয় কাগজপত্র জমা দিতে হবে-

ক) প্রাইভেট পরীক্ষার্থী হিসেবে তালিকাভুক্তির জন্য সাদা কাগজে অধ্যক্ষ বরাবর আবেদন করতে হবে।

খ) আবেদনকারীকে এসএসসি'র মূল নম্বরপত্রসহ ০২ কপি ফটোকপি জমা দিতে হবে।

গ) আবেদনকারীর সম্প্রতিকালের পাসপোর্ট সাইজের ০২ কপি ছবি জমা দিতে হবে। ছবির সম্মুখভাগে নিজের নাম স্বাক্ষর করে তা সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত করে আইকা আঠা দিয়ে আবেদনে আটকিয়ে দিতে হবে।

৩। প্রযোজ্য ক্ষেত্রে যেসব কাগজপত্র সংযুক্ত করতে হবে:

ক) মাধ্যমিক বা সমমান পরীক্ষা পাসের মূল নম্বরপত্র দাখিল করতে হবে। যেসকল পরীক্ষার্থী ১৯৯৫ সালের পূর্বে এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তাদের মূল নম্বরপত্র সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক সত্যায়িত করতে হবে। এবং মূল নম্বরপত্রের অপর পৃষ্ঠায় পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক Verified and Found Correct লেখা থাকতে হবে। কোনক্রমেই মাধ্যমিক পরীক্ষা পাসের মূল সনদ জমা দিয়ে রেজিস্ট্রেশন করা যাবে না।

খ) যে সকল পরীক্ষার্থী কারিগরি শিক্ষা বোর্ড এবং উন্মুক্ত বিশ্ব: হতে এসএসসি সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তাদের মূল নম্বরপত্র সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক সত্যায়িত করতে হবে এবং মূল নম্বরপত্রের অপর পৃষ্ঠায় পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক Verified and Found Correct লেখা থাকতে হবে।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য


অধ্যক্ষ
মাদারীপুর সরকারি কলেজ
মাদারীপুর।

গ) যে সকল পরীক্ষার্থী ১৯৯৯ সালের পূর্বে মাদ্রাসা শিক্ষা বোর্ড থেকে এসএসসি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তাদের মূল নম্বরপত্র সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক সত্যায়িত করতে হবে এবং মূল নম্বরপত্রের অপর পৃষ্ঠায় পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক Verified and Found Correct লেখা থাকতে হবে।

ঘ) যে সকল পরীক্ষার্থী ২০১৮ সালের উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে এবং ২০১৫ বা তৎপূর্ববর্তী বৎসরে এসএসসি/ সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তাদেরকে মূল প্রবেশপত্র জমা দিতে হবে।

ঙ) বাংলাদেশের আওতাধীন অনুমোদিত কোন কলেজের অধ্যক্ষ/অত্র বোর্ডের কোন সদস্য অথবা কোন সরকারি গেজেটেড অফিসারের নিকট হতে প্রার্থীর চরিত্র, আচরণ, প্রার্থিত পরীক্ষার অন্ততপক্ষে দুই বছর পূর্ব পর্যন্ত কোন অনুমোদিত কলেজের শিক্ষার্থী ছিল না এবং প্রার্থী কোন পরীক্ষায় বহিষ্কৃত হয়নি অথবা হয়ে থাকলেও এর মেয়াদ শেষ হয়ে গেছে এবং ২০২৩ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষার জন্য অযোগ্য ঘোষিত হয়নি এ মর্মে প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। ভূয়া তথ্য প্রদান করলে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

চ) শিক্ষক প্রার্থীদের বেলায় কোন অনুমোদিত বিদ্যালয়ে চাকুরীর মেয়াদ বিজ্ঞপ্তি জারির তারিখে অন্তত তিন বছর পূর্ণ হয়েছে এ মর্মে নিজ জেলা শিক্ষা অফিসারের সিল ও স্বাক্ষরযুক্ত সার্টিফিকেট জমা দিতে হবে।

ছ) পুলিশ ও প্রতিরক্ষা বাহিনীর প্রার্থীদের বেলায় বিজ্ঞপ্তি জারির তারিখে কমপক্ষে এক বছর যাবত সক্রিয়ভাবে চাকুরীতে আছে এ মর্মে পুলিশ সুপার / কমান্ডিং অফিসারের সমপর্যায়ের কর্মকর্তার সিল ও স্বাক্ষরযুক্ত সার্টিফিকেট দিতে হবে।

জ) কোন শারীরিক প্রতিবন্ধি কিংবা দৃষ্টি প্রতিবন্ধী পরীক্ষার্থী শ্রুতিলেখক (স্কাইব) সঙ্গে নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে চাইলে পরীক্ষা পরিচালনা নীতিমালা মোতাবেক ব্যবস্থা করতে হবে। এক্ষেত্রে দশম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীকে শ্রুতিলেখক (স্কাইব) নিযুক্ত করতে হবে।

৪। বোর্ডের অন্যান্য শর্ত প্রযোজ্য।

(প্রফেসর মোঃ জামান মিয়া)

আইডি নং- ১৮৬২

অধ্যক্ষ

মাদারীপুর সরকারি কলেজ

মাদারীপুর।